সংবাদ

তারিখ: 22 SEP 2016
পৃষ্ঠা ৪ কলাম ২

# শিক্ষা নিয়ে বাণিজ্য নয়

## — শিক্ষামন্ত্রী

প্রতিনিধি, রাজশাহী

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, শিক্ষাখাতে অগ্রগতির জন্য দেশের সকল প্রতিষ্ঠানকে এগিয়ে আসতে হবে। শিক্ষানুরাগী কর্পোরেট প্রতিষ্ঠানগুলোকে শিক্ষায় নিঃস্বার্থভাবে বিনিয়োগ করতে হবে। তবে কেউ যেন মুনাফা অর্জনের জন্য বিনিয়োগ না করে। শিক্ষা নিয়ে কাউকে ব্যবসা করতে দেয়া হবে না।

গতকাল রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনে কৃতী শিক্ষার্থীদের স্বর্ণপদক প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এসব কথা বলেন। অনুষ্ঠানে ৬৪ জনকে অগ্রণী ব্যাংক, ৩ জনকে ড. মমতাজ উদ্দিন আহমদ ও ১ জনকে ডা. একে খান স্বর্ণপদক প্রদান করেন মন্ত্রী। তিনি শিক্ষাখাতে বর্তমান সরকারের উন্নয়ন পরিকল্পনা ও কর্মকাণ্ডর উল্লেখ করে বলেন, সরকার পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোতে জনগণের অর্থে অর্থায়ন করে। এজন্য দেশের সর্বস্তরের মানুষের কাছে বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের দায়বদ্ধতা রয়েছে। সেই দায়বদ্ধতা থেকে বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের দেশের জন্য অনেক কিছু করার আছে। শিক্ষামন্ত্রী স্বর্ণপদকপ্রাপ্ত শিক্ষার্থীদের জাতির অন্যতম কৃতী সন্তান উল্লেখ করে তাদের আধুনিক বাংলাদেশ গড়ে তোলার চ্যালেঞ্জ গ্রহণে এগিয়ে আসারও আহ্বান জানান।

এ সময় তিনি বলেন, এক সময় ডিজিটাল আর ভিশন টোয়েন্টি ওয়ান্টি শব্দ নিয়ে এক শ্রেণীর মানুষ হাসাহাসি করতো। কিন্তু সেই ধারণা এখন বাস্তবের পথে। ওয়ার্ল্ড ব্যাংকের সহায়তা ছাড়াই পদ্মা সেতু তৈরি করা সম্ভব হচ্ছে। দেশের প্রাথমিক ও মাধ্যমিক শ্রেণীর শিক্ষার্থীদের ফ্রি বই দেয়া হচ্ছে। এক কোটি ত্রিশ লাখ শিক্ষার্থীকে বৃত্তি দেয়া হয়।

জঙ্গিবাদের সমালোচনা করে তিনি বলেন, যারা ধর্মের নামে অশান্তির পথ বেছে নেয় তারা মুসলমানই না। যারা মানুষ হত্যা করে তাদের কোন ধর্ম নেই। মাদ্রাসাতে জঙ্গি তৈরি হয় এ কথা ভুল। মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান, সেখানে ভালো মানুষ তৈরি করা হয়।

শিক্ষামন্ত্রী আরও বলেন, বিশ্ববিদ্যালয়গুলো আধুনিক করার লক্ষ্যে বড় ধরনের বাজেট হাতে নেয়া হয়েছে। বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকদের বেতন বাড়িয়ে সচিবদের পর্যায়ে নেয়া হয়েছে। আরও কিছু সমস্যা আছে, তা সমাধানের চেষ্টা চলছে।

বিশ্ববিদ্যালয় শিক্ষকদের উদ্দেশ্যে মন্ত্রী বলেন, আপনারাই একজন শিক্ষার্থীকে ভালো মানুষ হিসেবে তৈরি করতে পারেন। শিক্ষার্থীরা কী করছে না করছে সেদিকে শিক্ষকদের লক্ষ্য রাখতে হবে। অভিভাবকের দায়িত্ব পালন করতে হবে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপাচার্য অধ্যাপক মুহম্মদ মিজানউদ্দিন।